2026

M.A. 2nd Semester Examination

BENGALI

Paper : BNGC455X0

(প্রবন্ধ এবং উনিশ শতকের নাটক পথ)

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY

Full Marks : 50 Time : Two Hours

The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words as far as practicable.

বিভাগ - ক

যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

১। "আধুনিক বিজ্ঞান যে নিরাসক্ত চিত্তে বাস্তবকে বিশ্লেষণ করে আধুনিক কাব্য সেই নিরাসক্ত চিত্তে বিশ্বকে সমগ্র দৃষ্টিতে দেখবে, এইটেই শাশ্বতভাবে আধুনিক।" — রবীন্দ্রনাথের এই মন্তব্য আধুনিক কাব্যের স্বরূপ নির্ণয়ে কতখানি যুক্তিযুক্ত তা তাঁর 'আধুনিক কাব্য' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

২। 'বিড়াল' প্রবন্ধে প্রতিফলিত বঙ্কিমচন্দ্রের সমাজ ভাবনার পরিচয় দাও।

৩। প্রমথ চৌধুরী তাঁর 'ভারতচন্দ্র' প্রবন্ধে ভারতচন্দ্রের কবি-প্রতিভার যে পরিচয় দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

P.T.O.

৪। গিরিশচন্দ্রের 'জনা' নাটকটি পৌরাণিক নাটকের আখ্যালাভের উপযোগী কিনা তা নাটক অবলম্বনে বিচার করো।

বিভাগ - খ

যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৫। "অতএব চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ।"— 'চিত্র এবং সংগীত'কে কেন সাহিত্যের প্রধান উপকরণ বলে রবীন্দ্রনাথ চিহ্নিত করেছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

৬। "... এই বিশ্ব সংসার একটি বৃহৎ বাজার — সকলেই সেখানে আপনাপন দোকান সাজাইয়া বসিয়া আছে।"— প্রাবন্ধিকের মন্তব্যটি ব্যাখ্যা করো।

৭। 'কিন্তু পালতে হবে এঁর হুকুম' — উক্তিটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

৮। ছোটগল্প রচনায় মোপাসাঁ ও চেখফ-এর তুলনায় রবীন্দ্রনাথের মৌলিকত্ব কোথায় তা সৈয়দ মুজতবা আলীর 'মোপাসাঁ-চেখফ-রবীন্দ্রনাথ' প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে লেখো।

৯। 'জনা' নাটকের বিদূষক চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

১০। 'ভালোবাসি তাই বসি সেথায়-' এবং 'নাগরী গেঁথে মালা যত্নে পরায় নাগরে' — 'জনা'র মত ভক্তিরসাত্মক নাটকে এইরকম দুটি গানের ব্যবহার নাটকের শরীরে কোনো স্বতন্ত্র তাৎপর্যের সঞ্চার করেছে কিনা তা সংক্ষেপে আলোচনা করো।

[অভ্যন্তরীণ মূল্যায়ন : ১০ নম্বর]

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY